

বিপিএটিসি স্কুল এন্ড কলেজ
প্রথম বিশেষ প্রস্তুতিমূলক অ্যাসাইনমেন্ট
শ্রেণি-দশম

বিষয়- বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা

সময়-২.৩০ মিনিট

পূর্ণমান-৭০

নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

১। ফারদিন ইতিহাস বই পড়ে তার নোট খাতায় কিছু তথ্য লিপিবদ্ধ করে রাখেন। তার লেখা তথ্যগুলো হলো:

সিংহাসন আরোহণ-৬০৬ খ্রি.

রাজধানী- কর্ণসুবর্ণ

রাজ্যজয়- দশভুক্তি, উৎকল, কঙ্গোদ, মগধ, বানারসী।

- ক) ধর্মপাল কতটি শিক্ষাকেন্দ্র প্রতিষ্ঠা করেন? ১
- খ) স্বাধীন গৌড় রাজ্যের পরিচয় দাও। ২
- গ) উদ্দীপকে ফারদিনের উল্লেখ করা তথ্যগুলো প্রাচীন বাংলার কোন রাজার ক্ষেত্রে প্রযোজ্য? ব্যাখ্যা কর। ৩
- ঘ) “তার নেতৃত্বেই বাংলা সর্বপ্রথম উত্তর ভারতীয় রাজনীতিতে লিপ্ত হওয়ার ক্ষমতা ও বল সঞ্চয় করে”-কথাটি বিশ্লেষণ কর। ৪
- ২। তাই তার বাবার সাথে ঢাকার ভিক্টোরিয়া পার্কে বেড়াতে যায়। পার্কটি তার ভালো লাগে। তার বাবা তাকে বলেন যে, এখানে অনেক শহীদের লাশ একসময় ঝুলিয়ে রাখা হয়েছিল। এ কথা শুনে ছোট্ট তাইয়ের মন খারাপ হয়ে যায়।
- ক) বঙ্গভঙ্গের রদ ঘোষণা করেন কে? ১
- খ) বঙ্গভঙ্গের প্রশাসনিক কারণ ব্যাখ্যা কর। ২
- গ) উদ্দীপকের তাইয়ের বাবা কোন ঐতিহাসিক ঘটনার প্রতি ইঙ্গিত করেন? নিরূপণ কর। ৩
- ঘ) উক্ত ঐতিহাসিক ঘটনার প্রকৃতি কেমন ছিল? বিশ্লেষণ কর। ৪
- ৩। আমার ভাইয়ের রক্তে রাঙানো
একশে ফেরুয়ারি, আমি কি ভুলিতে পারি?
ছেলে হারা শত মায়ের অশ্রু গড়া-এ ফেরুয়ারি
আমি কি ভুলিতে পারি।”
- ক) আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাকালীন সভাপতি কে ছিলেন? ১
- খ) ভাষা আন্দোলনের সাথে তমুদুন মজলিশ জড়িত কীভাবে? ২
- গ) উদ্দীপকের লাইনগুলো কোন আন্দোলনের স্মৃতি মনে করিয়ে দেয়, তার চূড়ান্ত পর্যায়ের ব্যাখ্যা কর। ৩

- ঘ) উক্ত লাইনগুলোর সাথে সংশ্লিষ্ট আন্দোলনের তাৎপর্য ব্যাপক-উক্তিটির সপক্ষে যুক্তি দাও। ৪
- ৪। পটুয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ৯ম শ্রেণির ছাত্রীরা ও বছর শিক্ষা সফরে বগুড়ার মহাস্থান গড় গিয়েছিল? মহাস্থান গড় হলো প্রাচীন সভ্যতার নিদর্শন। প্রধান শিক্ষক বললেন, “আগামী বছর আমরা সিলেটের চা বাগান ও চট্টগ্রামের পাহাড় দেখতে যাব।”
- ক) সর্বপ্রথম গৌড়ের উল্লেখ দেখা যায় কার গ্রন্থে? ১
- খ) তাম্রলিপ্ত এলাকার বর্ণনা দাও। ২
- গ) পটুয়াখালী সরকারি বালিকা বিদ্যালয়ের ছাত্রীরা যে জনপদে শিক্ষা সফরে গিয়েছিল তার ব্যাখ্যা দাও। ৩
- ঘ) তুমি কি মনে কর, আগামী বছর ছাত্রীরা প্রাচীন হরিকেল অঞ্চলে সফরে যাবে? উত্তরে সপক্ষে যুক্তি দাও। ৪
- ৫। মিশরীয় সভ্যতার প্রায় কাছাকাছি সময়ে ভারতবর্ষে গড়ে ওঠে সিন্ধু সভ্যতা। নীলনদকে কেন্দ্র করে মিশরীয় সভ্যতা গড়ে ওঠে। মিশর নামের সাথে জড়িয়ে আছে পিডামিড। এছাড়া স্থাপত্য, ভাস্কর্য এবং চিত্রকলায়ও রয়েছে তাদের বিস্ময়কর অবদান। তবে প্রাচীন সভ্যতায় মিশরীয়দের চিন্তাচেতনার সবকিছুর মূলে কাজ করেছে ধর্মচেতনা।
- ক) সিন্ধু সভ্যতার প্রধান দুটি নগরীর নাম কী? ১
- খ) নীলনদ মিশরের উন্নতিতে কীভাবে সহায়তা করেছিল? ব্যাখ্যা কর। ২
- গ) সঠিক পরিকল্পিত নগর উন্নয়নে সিন্ধু সভ্যতার নগর পরিকল্পনা থেকে কী শিক্ষা লাভ করা যায়? ৩
- ঘ) ধর্মচেতনা প্রাচীন মিশরীয়দের আজও স্মরণীয় করে রেখেছে- উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪
- ৬। আনিকা একটি প্রাচীন সভ্যতার দুটি বিখ্যাত গ্রন্থ ‘ইলিয়ড’ ও ‘ওডিসি’ পাঠ করে। নাট্যরচনাও এ সভ্যতার অন্যতম বৈশিষ্ট্য। সে জানতে পারে যে, দর্শনশাস্ত্রে ও এই সভ্যতায় অনেক অবদান রয়েছে।
- ক) প্রাক-ক্লাসিক্যাল গ্রিক সভ্যতাকে কয় ভাগে ভাগ করা হয়? ১
- খ) গ্রিক সভ্যতার ভৌগলিক অবস্থা ব্যাখ্যা কর। ২
- গ) উদ্দীপকের উল্লেখিত সভ্যতা সাহিত্যক্ষেত্রে যে অবদান রেখেছে তা ব্যাখ্যা কর। ৩
- ঘ) আনিকা তার বাবার কাছে যা জেনেছে তার যথার্থতা বিশ্লেষণ কর। ৪
- ৭। সজল তার মামার সাথে জাতীয় গণগ্রন্থাগারে যায়। সেখানে সে বিভিন্ন বইপত্র পড়ে। সজল বিজ্ঞানের ছাত্র হলেও ইতিহাসের বই তার ভালো লাগে। সে বিভিন্ন উৎস থেকে ইতিহাসের বইপত্র সংগ্রহ করে পড়ে। সজলের বাবা তাকে বললেন, শুধু এসব বই পড়ে সময় নষ্ট করছ কেন?
- ক) ইতিহাসের জনক কে? ১

খ) অলিখিত উপাদান বলতে কী বোঝায়?	২
গ) সজল জাতীয় গণগ্রন্থাগারে ইতিহাসের কোন ধরনের উপাদান দেখতে পায়? ব্যাখ্যা কর।	৩
ঘ) তুমি কি সজলের বাবার মানসিকতার সাথে একমত? যুক্তি দাও।	৪
সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাওঃ	
সময়-৩০ মিনিট	পূর্ণমান-৩০
১। ইতিহাসের উপাদানকে কয় ভাগে ভাগ করা যায়?	
২। মানবসমাজ সভ্যতার অগ্রগতির সঙ্গে সঙ্গে কী লেখা হচ্ছে?	
৩। লিখিত ইতিহাসের বয়স কত?	
৪। ইতিহাস সম্পর্কে ড. রমেশচন্দ্র মজুমদার কী বলেছেন?	
৫। ইতিহাস সম্পর্কে ফন র্যাংকে কী বলেছেন?	
৬। ইতিহাস পাঠ কীভাবে মানুষকে অনুপ্রাণিত করে?	
৭। কোন যুগ শেষ হলে মানুষ কৃষিকাজ করে?	
৮। মিশরের মাটির রং কী?	
৯। ফারাওরা নিজেদের কোন দেবতার বংশধর মনে করত?	
১০। সিন্ধুবাসীদের মধ্যে কোন পূজা খুব জনপ্রিয় ছিল?	
১১। হেলেনিস্টিক সংস্কৃতি গড়ে ওঠে কাকে কেন্দ্র করে?	
১২। স্পার্টানদের শিক্ষাব্যবস্থার মূল উদ্দেশ্য কী ছিল?	

১৩। এথেন্সে চূড়ান্ত গণতন্ত্র প্রতিষ্ঠা হয় কার সময়ে?	
১৪। গ্রিসের শ্রেষ্ঠ নাট্যকার কে?	
১৫। রোম নগরীর প্রতিষ্ঠাতা কে?	
১৬। মিশরীয়রা মৃতদেহকে মমি করত কেন?	
১৭। মিশরীয়রা পিরামিড তৈরি করেছিল কেন?	
১৮। মিশরে বিজ্ঞানচর্চা হতো কেন?	
১৯। রোমান সভ্যতা কত বছর স্থায়ী ছিল?	
২০। বড় কামতা কোথায় অবস্থিত?	
২১। সপ্তম শতকের পর বাংলায় কতটি জনপদ ছিল?	
২২। কারা পুন্ড্র জনপদ গড়ে তুলেছিল?	
২৩। সেন বংশের অবসান ঘটে কোন শতকে?	
২৪। পাল বংশের প্রতিষ্ঠা করেন কে?	
২৫। ভাষা আন্দোলনের প্রথম সংগঠন কোনটি?	
২৬। 'মহারাজাধিরাজ' কার উপাধি ছিল?	
২৭। ১৯২০ সালে কে অসহযোগ আন্দোলনের ডাক দেন?	
২৮। 'স্বত্ববিলোপ, নীতি কে প্রয়োগ করেন?	
২৯। কার ডাকে ভারত ছাড় আন্দোলনে জনগণ ঝাঁপিয়ে পড়ে?	
৩০। 'নাইট' উপাধি বর্জন করেন কে?	